

সারাদেশ

সাতক্ষীরায় ট্রান্সফরমার চুরির সময় বিদ্যুৎস্পৃষ্টে যুবকের মৃত্যু

প্রতিবেদক: সাতক্ষীরা প্রতিনিধি

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ২২ সেপ্টেম্বর ২০২৬, ০৬:৫৪ PM



সাতক্ষীরা সদর উপজেলার ঝাউডাঙ্গা ইউনিয়নের তুজলপুর গ্রামের উত্তরমাঠে ট্রান্সফরমার চুরির সময় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে সোহরাব হোসেন ভূট্টো (৩৫) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) সকালে স্থানীয় এক কৃষক বৈদ্যুতিক খুঁটির নিচে ওই যুবককে পড়ে থাকতে দেখেন। পরে বিষয়টি স্থানীয়দের জানালে তারা পুলিশে খবর দেন। খবর পেয়ে সাতক্ষীরা সদর থানা-পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে।

নিহত সোহরাব হোসেন ভূট্টো সাতক্ষীরার পাটকেলঘাটা থানার মির্জাপুরের নওয়াপাড়া গ্রামের বাবলু দফাদারের ছেলে।

স্থানীয়দের দাবি, রাতে ওই এলাকায় বৈদ্যুতিক ট্রান্সফরমার চুরির চেষ্টা চলছিল। এ সময় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ঘটনাস্থলেই সোহরাবের মৃত্যু হয়ে থাকতে পারে বলে তারা ধারণা করছেন।

স্থানীয়রা আরও জানান, সোহরাবের বিরুদ্ধে এর আগেও চুরির অভিযোগ ছিল। এলাকায় তিনি চুরির সঙ্গে জড়িত ছিলেন বলে পরিচিত

ছিলেন। তবে এসব বিষয়ে পুলিশের পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে বিস্তারিত কিছু জানানো হয়নি।

সাতক্ষীরা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মাহমুদুর রহমান (পিপিএম) বলেন, মরদেহ উদ্ধার করে আইনগত প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে। ঘটনাটি তদন্ত করে মৃত্যুর প্রকৃত কারণ এবং ট্রান্সফরমার চুরির সঙ্গে কারা জড়িত ছিল, তা খতিয়ে দেখা হবে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মশারোফ সম্মেলন ও দেওয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পাবনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিব্যোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/satkshiray-transfrmar-churir-smy-bidjutsprishte-jubker-mritju>